**REGIONAL NEWS**
**ALL INDIA RADIO, AGARTALA**
**23–08–2024**
**07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING NEWS**

---

## Headlines :

(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলার বন্যা কবলিত এলাকা ও বিভিন্ন ত্রাণ শিবির পরিদর্শন করেন।

(২) কেন্দ্রীয় সরকার ত্রিপুরায় বন্যা ত্রাণে রাজ্য দুর্যোগ মোকাবেলা তহবিল থেকে কেন্দ্রীয় অংশ হিসাবে চল্লিশ কোটি টাকা অগ্রিম দেবার অনুমোদন দিয়েছে।

(৩) ত্রিস্তর গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত সদস্য সদস্যাদের শপথ গ্রহণ আজ থেকে শুরু হয়েছে।

(৪) ইউক্রেনের কিয়েভে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ইউক্রেনের রাষ্ট্রপতি ভ্লাদিমির জেলেনস্কির মধ্যে আজ প্রতিনিধি পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

(৫) অনূর্ধ্ব ১৭ বছরের রাজ্যভিত্তিক স্কুল ফুটবলের ছেলে ও মেয়ে উভয় বিভাগে ত্রিপুরা স্পোর্টস স্কুল চ্যাম্পিয়ান হয়েছে।

***********************************

## CM Visit :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সকালে গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলার বিভিন্ন ত্রাণ শিবির ও বন্যা কবলিত এলাকা পরিদর্শন করেন। মুখ্যমন্ত্রী হেলিকপ্টারে উদয়পুরে গিয়ে বন্যা কবলিত উদয়পুর পুর এলাকা, খিলপাড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং খিলপাড়া প্রাথমিক কৃষি মার্কেটে ত্রাণ শিবির পরিদর্শন করেন। বন্যা দুর্গত মানুষের সাথে কথা বলেন। তিনি ত্রাণ শিবিরে মুখ্যমন্ত্রী বন্যা দুর্গত মানুষের যাতে কোনও ধরনের অসুবিধা না হয় সেদিকে সতর্ক থাকতে আধিকারিকদের নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান, বন্যা দুর্গত মানুষের সহায়তায় সরকার পাশে থাকবে। প্রধানমন্ত্রী রাজ্যের বন্যা দুর্গতদের পাশে রয়েছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বন্যা কবলিত ত্রিপুরার জন্য সব ধরনের সহায়তার আশ্বাস দিয়েছেন। এনডিআরএফ বাহিনী হেলিকপ্টার

দিয়ে বন্যা দুর্গত মানুষের উদ্ধারের কাজে হাতে লাগিয়েছে। তিনি বলেন, বন্যার ফলে যে সমস্ত পরিবারের ছেলেমেয়েদের বই ও খাতা নষ্ট হয়েছে তাদেরকে বই ও খাতা দেওয়া হবে। তাছাড়া বন্যায় যাদের সরকারি শংসাপত্র নষ্ট হয়ে গেছে তা সংশ্লিষ্ট প্রশাসন থেকে পুনরায় দেওয়া হবে। মুখ্যমন্ত্রীর সফর সঙ্গী ছিলেন উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার, সচিব কিরণ গিত্যে, অভিষেক সিং, জেলাশাসক রাভেল হেমেন্দ্র কুমার।

মুখ্যমন্ত্রী আজ হেলিকপ্টারে অমরপুর, করবুক মহকুমা ও বিলোনীয়া মহকুমার বন্যা কবলিত এলাকা পরিদর্শন করেন। মুখ্যমন্ত্রী পশ্চিম বকাফা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ত্রাণ শিবিরে আশ্রিত মানুষের সঙ্গে কথা বলে তাদের খাদ্য, পানীয়জল ও স্বাস্থ্য সম্পর্কে খোঁজখবর নেন। তারপর তিনি শান্তিরবাজার ডাকবাংলোয় বন্যা পরিস্থিতি, ত্রাণ ও উদ্ধার কাজ নিয়ে সরকারি আধিকারিকদের সাথে পর্যালোচনা করেন। এই পর্যালোচনা সভায় সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া উপস্থিত ছিলেন।

***************************

<u>Amit Saha :</u>

কেন্দ্রীয় সরকার ত্রিপুরায় বন্যা ত্রাণে রাজ্য দুর্যোগ মোকাবেলা তহবিল থেকে কেন্দ্রীয় অংশ হিসাবে চল্লিশ কোটি টাকা অগ্রিম দেবার অনুমোদন দিয়েছে।

X প্ল্যাটফর্মে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ত্রিপুরার বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের ত্রাণ প্রদানের জন্য এই চল্লিশ কোটি টাকা অগ্রিম দেবার কথা জানান।

****************************

<u>FLOOD SITUATION:</u>

ত্রাণ ও রাজস্ব সচিব ব্রিজেশ পান্ডে আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানান, এখন পর্যন্ত রাজ্যে বন্যায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৪| সারা রাজ্যে ৫০০টিরও বেশি ত্রান শিবিরে ১ লক্ষ ২৮ হাজার লোক আশ্রয় নিয়েছেন| ঘরবাড়ি, কৃষি, মৎস্য চাষ, পশু পালন রাস্তাঘাট ইত্যাদির ব্যাপক ক্ষতি হয়েছে| প্রাথমিকভাবে অনুমান এখন পর্যন্ত ক্ষয়ক্ষতির পরিমান প্রায় ৫০০০ কোটি টাকা| গোমতী ও দক্ষিন জেলায় এখনও ত্রান উদ্ধারের কাজ চলছে| পূর্ত সচিব কিরন গিত্যে বলেন, কমলপুর-খোয়াই আগরতলা পর্যন্ত বিকল্প জাতীয় সড়ক দিয়ে

পন্যবাহী যানবাহন চলাচল করছে। এদিকে, রাজ্যের সমস্ত অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে অনির্দিষ্টকালের জন্য ছুটি ঘোষণা করা হয়েছে।

**************************

RATAN LAL NATH:

কৃষি ও বিদ্যুতমন্ত্রী রতন লাল নাথ আজ মহাকরণে সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, বন্যায় কৃষি ও বিদ্যুত ক্ষেত্রে ব্যাপক ক্ষতি হয়েছে। কৃষি দপ্তরের প্রাথমিক হিসাব অনুযায়ী এবার বন্যায় রাজ্যে ৬৮ হাজার ৮২৬ হেক্টর ধানী জমির ক্ষতি হয়েছে। বিদ্যুতের ক্ষেত্রে ক্ষতির পরিমান প্রাথমিক হিসাব অনুযায়ী প্রায় ৯ কোটি ২ লক্ষ টাকা।

*****************************

Oath Taking–Panchayat:

ত্রিস্তর গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত সদস্য সদস্যাদের শপথ গ্রহণ আজ থেকে শুরু হয়েছে। তা চলবে আগামী ৩১শে আগষ্ট পর্যন্ত। পঞ্চায়েত অধিকর্তা প্রসুন দে আজ এখবর জানান।

****************************

Oath Taking:

ঊনকোটি জেলার কৈলাশহর মহকুমার অন্তর্গত গৌরনগর পঞ্চায়েত সমিতির নবনির্বাচিত সদস্য-সদস্যারা আজ শপথ গ্রহণ করেন। আজ বিকালে গৌরনগর ব্লক কার্যালয় প্রাঙ্গনে আয়োজিত শপথগ্রহণ অনুষ্ঠানে সদস্য-সদস্যাদের শপথবাক্য পাঠ করান জেলা পঞ্চায়েত আধিকারিক ডেভিড হালাম। উল্লেখ্য তেরো সদস্যের পঞ্চায়েত সমিতিতে সদ্যসমাপ্ত পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেস আটটি আসন পেয়ে গরিষ্টতা অর্জন করে। বি,জে,পি পায় তিনটি আসন, সি,পি,আই(এম) দুটি আসনে বিজয়ী হয়। আজ গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন হিসাবে লক্ষী নমঃ এবং ভাইস-চেয়ারম্যান পদে মোঃ বদরুজ্জামান নির্বাচিত হন। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বীরজিৎ সিংহ, নবনির্বাচিত ভাইস-চেয়ারম্যান মোঃ বদরুজ্জামান প্রমুখ।

**************************

**Sushanta Choudhury:**

খাদ্য জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন রাজ্যের রেশন দোকান গুলিতে এবং খোলা বাজারে পর্যাপ্ত খাদ্য সামগ্রী মজুত রয়েছে। রাজ্যের বিভিন্ন প্রান্তে বন্যা কবলিত এলাকার মানুষদের জন্য প্রায় ২০ হাজার প্যাকেট খাদ্য সামগ্রী প্রদান করার লক্ষ্যমাত্রা রয়েছে। ইতিমধ্যে হেলিকপ্টারের মাধ্যমে ৩ হাজার ১৪০ প্যাকেট খাবার প্রদান করা হয়েছে । আজ সচিবালয়ে খাদ্য জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের উদ্যোগে এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন তিনি। মন্ত্রী খাদ্যসামগ্রী নিয়ে অযথা উদ্বিগ্ন বা বিভ্রান্ত না হবার আহ্বান জানান। মন্ত্রী বলেন বন্যা পরিস্থিতিতে ও তার পরবর্তী সময়ে কোনও ব্যবসায়ী বেশি দামে জিনিস বিক্রি করলে তার বিরুদ্ধে জরিমানা ও আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি বলেন, রাজ্যে বন্যা পরিস্থিতির কারণে নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর মূল্য সহ পেট্রোপণ্য, এলপিজি সিলিন্ডার সরবরাহ যাতে স্বাভাবিক থাকে সে বিষয়ে খাদ্য দপ্তর আগাম উদ্যোগ নিয়েছে। তিনি জানান, চিনি গত মাসে না দেওয়া হলেও পুজোর মাসে সবাইকে বকেয়া চিনি একসাথে দেয়া হবে।

আজ রাজ্যের গণবন্টন ও খাদ্যের মজুত নিয়ে সচিবালয়ে এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে দপ্তরের অধিকর্তা সহ সাব ডিভিশনাল কন্ট্রোলার (ফুড), অল ত্রিপুরা ডিস্ট্রিবিউটার্স অ্যাসোসিয়েশন, অল ত্রিপুরা মার্চেন্ট অ্যাসোসিয়েশন, পটেটো, অনিয়ন অ্যান্ড গার্লিক মার্চেন্ট অ্যাসোসিয়েশন, হোলসেল গ্রোসারিজ মার্চেন্ট অ্যাসোসিয়েশন, চেম্বার অফ ট্রেড অ্যান্ড বিজনেস, ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের অধীন পেট্রোপণ্য ও এলপিজি সরবরাহের সঙ্গে যুক্ত আইওসিএল-এর আধিকারিকরা উপস্থিত ছিলেন।

*****************************

**Press Meet-Mayor:**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ এক সাংবাদিক সম্মেলনে জানান, পুর এলাকায় বন্যা দুর্গতদের সহায়তার জন্য পুর নিগমের ৪টি জোনে মোট ৭৫টি ত্রাণ শিবির রয়েছে। মেয়র জানান, বন্যার পর পুর নাগরিকদের স্বাস্থ্য সম্পর্কিত বিষয়ে পুর নিগম যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। ব্লিচিং পাউডার ছড়ানো ও রাস্তাঘাট পরিষ্কারের কাজ শীঘ্রই শুরু করবে নিগম।

মেয়র জানান, প্রবল বৃষ্টিপাতের কারনে বটতলা মহাশ্মশানের ইলেক্ট্রিক ও গ্যাসের চুল্লী বিকল হয়ে পড়েছে। আগামী ৭ দিনের মধ্যে তা সারাই করা হবে। এই কদিন শবদেহ দাহ করার কাজ হবে হাঁপানিয়া এলাকায়।

***************************

PM, Ukrain:

ইউক্রেনের কিয়েভে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ইউক্রেনের রাষ্ট্রপতি ভ্লাদিমির জেলেনস্কির মধ্যে আজ প্রতিনিধি পর্যায়ের বৈঠকে চারটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ইউক্রেনের গোষ্ঠী উন্নয়ন প্রকল্প, মাদক নিয়ন্ত্রণের মান, সাংস্কৃতিক বিনিময় এবং কৃষি সহ বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করতে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্কল সংবাদমাধ্যমকে জানান, দ্বিপাক্ষিক সম্পর্ক, বাণিজ্য, অর্থনৈতিক সমস্যা, প্রতিরক্ষা, ওষুধপত্র এবং কৃষি নিয়ে আলোচনা হয়েছে। তিনি বলেন, উভয় নেতা ইউক্রেনের সংঘাত নিয়ে আলোচনা করেছেন।

এর আগে প্রধানমন্ত্রী শ্রী মোদি পোল্যান্ড থেকে বিশেষ ট্রেনে কিয়েভে পৌঁছোন। কিয়েভে পৌঁছলে প্রবাসী ভারতীয়রা প্রধানমন্ত্রীকে উষ্ণ অভ্যর্থনা জানান।

সংঘাতে প্রাণ হারিয়েছে এমন শিশুদের স্মরণে স্থাপিত প্রদর্শনী দেখেন প্রধানমন্ত্রী। কিয়েভে মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন তিনি।

উল্লেখ্য, ১৯৯২ সালে দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক শুরু হওয়ার পর এটিই প্রথম কোনো ভারতীয় প্রধানমন্ত্রীর ইউক্রেনে সফর।

**********************************

National Space Day:

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ISRO শুধুমাত্র মহাকাশ ক্ষেত্রে নয়, দেশের আর্থ-সামাজিক উন্নয়নেও গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। তিনি আজ নতুনদিল্লিতে প্রথম জাতীয় মহাকাশ দিবসের অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় একথা বলেন।

রাষ্ট্রপতি বলেন, মহাকাশ ক্ষেত্রের প্রবৃদ্ধির ফলে স্বাস্থ্য, পরিবহন, পরিবেশ, জ্বালানি, নিরাপত্তা, তথ্যপ্রযুক্তিসহ আরও অনেক ক্ষেত্র উপকৃত হচ্ছে। তিনি বলেন, ইসরোর

চন্দ্রযান চাঁদে অবতরণ করার সময় এটি সমস্ত ভারতীয়দের জন্য একটি গৌরবময় মুহূর্ত ছিল। রাষ্ট্রপতি অনুষ্ঠানে ISRO-র রোবটিক্স চ্যালেঞ্জ এবং ভারতীয় অন্তরীক্ষ হ্যাকাথনের বিজয়ীদের পুরস্কার প্রদান করেন।

****************************

**Maan-Ki-Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে আগষ্ট রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৩তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ , প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

********************************

**ADC-Foundation Day:**

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদ অর্থাৎ এডিসি'র উদ্যোগে আজ ষষ্ঠ তপশীল দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে খুমুলুং-এর নুউাই অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন এডিসি'র চেয়ারম্যান জগদীশ দেববর্মা। ষষ্ঠ তপশীল গঠনের উদ্দেশ্যকে সফল করার জন্যে তিনি সব অংশের জনগণের সহযোগিতা কামনা করেন। এডিসি এলাকার পিছিয়ে পড়া সমস্ত অংশের জনগণের উন্নতির লক্ষ্যে এডিসি প্রশাসন নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন নির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, কমল কলই, সুহেল দেববর্মা, এ.এ.আর.সি. চেয়ারম্যান বিজয় কুমার রাংখল প্রমুখ। এউপলক্ষ্যে খুমুলুঙ মোটরস্ট্যান্ড থেকে নুউাই অডিটোরিয়াম পর্যন্ত এক বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়।

*****************************

**Rail:**

**আগরতলা সাব্রুমের মধ্যে রেল চলাচল আজও বন্ধ রয়েছে। গর্জিতে রেল লাইনের উপর থেকে ধ্বস সরানোর কাজ শেষ হয়েছে৷ কিন্তু উদয়পুরে রেল লাইনের উপর জল জমে থাকায় এই রুটে রেল চলাচল সম্ভব হয়নি। তবে আগরতলা থেকে ধর্মনগরগামী এবং দূরপাল্লার ট্রেনগুলি যথারীতি চলাচল করছে।**

**********************************

**National Highway:**

**আসাম আগরতলা জাতীয় সড়কের ৪৬ মাইল এলাকায় ধ্বস নামার ফলে জাতীয় সড়কের ঐ অংশে আজ ও যান চলাচল বন্ধ রয়েছে। জাতীয় সড়কের ৪৬ মাইল এলাকায় ধ্বস পরিস্কার করার জন্য যুদ্ধকালীন তৎপরতায় কাজ চলছে৷ সরকারী সূত্রে আজ এখবর জানা গেছে৷**

**************************

**PRESS MEET-GOMATI:**

**গোমতী জেলার জেলাশাসক রাভেল হেমেন্দ্র কুমার আজ এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, হেলিকপ্টার দিয়ে আজও অমরপুরে ও করবুকে বন্যা দুর্গতদের কাছে খাবার পৌঁছে দেওয়া হচ্ছে৷ এই জেলাতেও বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে৷**

*********************************************

**Flood -South:**

**দক্ষিণ জেলার বন্যা পরিস্থিতির উন্নতি হচ্ছে। ফেণি, মুহুরী ও লাউগাং নদীর জলস্তর কমতে শুরু করেছে৷ সাব্রুম মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত জানান, আজ সাব্রুমের আশ্রয় শিবিরগুলি থেকে অনেকেই বাড়িঘরে ফিরে গেছেন। শান্তিরবাজার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য জানান, শান্তিরবাজার মহকুমা এলাকার পরিস্থিতিও অনেকটাই স্বাভাবিক।**

******************************

**Flood-Khowai:**

আজ সকাল থেকে খোয়াই নদীর জলস্তর বিপদসীমা থেকে নেমে যাওয়ায় বহু প্লাবিত এলাকা থেকে বন্যার জল কমতে শুরু করে। বেশ কিছু এলাকা এখনও জলমগ্ন রয়েছে। আজ খোয়াই আগরতলা এবং খোয়াই কমলপুর সড়কে যানবাহন চলাচল ছিল স্বাভাবিক। বন্যা দুর্গত লোকজন এখনো শরণার্থী শিবিরে অবস্থান করছেন। বহু কৃষি জমি এখনো জলের নিচে। খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন জানিয়েছেন, গোটা জেলার বন্যা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। শিবিরগুলোতে আশ্রয় নেওয়া লোকজনদের জন্য পানীয় জল, খাবার ও চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে।

**********************************

**Flood-Sonamura:**

সোনামুড়ার বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। গোমতী নদীর জল কমতে শুরু করেছে। সোনামুড়ার মহকুমা শাসক অরুপ দেব জানিয়েছেন, বর্তমানে এই মহকুমায় ৩৩টি শিবিরে প্রায় ৪ হাজার দুর্গত লোকজন অবস্থান করছে। ক্ষতিগ্রস্ত পরিবারগুলিতে ক্ষতিপূরণ প্রদানের কাজ শুরু হয়েছে।

************************

**Flood-Unakoti Meeting:**

বন্যা পরবর্তী পরিস্থিতি পর্যালোচনায় আজ সকালে জেলা প্রশাসনের উদ্যোগে কৈলাশহরে এক প্রশাসনিক বৈঠক অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা শাসক এল, দারলং সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা। বৈঠকে সাম্প্রতিক বন্যায় ক্ষয়ক্ষতি, বর্তমান পরিস্থিতিতে কি কি ব্যবস্থা গ্রহণ করতে হবে এবিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়।

******************************

**State Level Football:**

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব সতেরো বালিকা বিভাগের ফুটবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ানের খেতাব অর্জন করেছে ত্রিপুরা স্পোর্টস স্কুল। ঊনকোটি জেলার কুমারঘাট মহকুমার গোকুলনগর হাইস্কুল মাঠে আজ সকালে ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়। ফাইনালে ত্রিপুরা স্পোর্টস স্কুল চার-শূণ্য গোলের ব্যবধানে উত্তর ত্রিপুরা জেলা দলকে হারিয়ে দেয়।

*****************************

**Best Sports School:**

অনূর্ধ্ব ১৭ বছরের রাজ্যভিত্তিক স্কুল ফুটবলের ছেলেদের প্রতিযোগিতায় ত্রিপুরা স্পোর্টস স্কুল চ্যাম্পিয়ন হয়েছে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে আসরের ফাইন্যাল খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ১-০ গোলে ধলাই জেলাকে পরাজিত করে। খেলার শেষে মাঠেই হয় পুরস্কার বিতরণী অনুষ্ঠান। উপস্থিত ছিলেন ক্রীড়া দপ্তরের অধিকর্তা এস বি নাথ। এর আগে সকালে প্রথম সেমিফাইনালে ত্রিপুরা স্পোর্টস স্কুল ২-০ গোলে সিপাহীজলা জেলাকে এবং দ্বিতীয় সেমিফাইনালে ধলাই জেলা ৩-১ গোলে খোয়াই জেলাকে পরাজিত করেছিলো।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের দক্ষিণ, উত্তর, ঊনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করা হয়েছে। বাকি জেলাগুলিতে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক সাত ডিগ্রী সেলসিয়াস। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা একত্রিশ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে।

**************************